

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ৩, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বিচার শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ, ২০ ফাল্গুন ১৪১৪ বাখ/০৩ মার্চ ২০০৮ ইং

এস, আর, ও নং ৪৬-আইন/২০০৮।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নলিখিত বিধিমালা প্রণয়ন করিলেন :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসী ও মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেসীর আদালতসমূহ (সহায়ক কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

- (ক) “জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসী” বলিতে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতসহ অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ও জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতসমূহকে বুঝাইবে;
- (খ) “মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেসী” বলিতে চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতসহ অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ও মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত সমূহকে বুঝাইবে;
- (গ) “তফসিল” অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;
- (ঘ) “পদ” অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(১২৯১)
মূল্য : টাকা ১০.০০

(ঙ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” বলিতে—

(অ) তফসিলের ‘ক’ অংশে উল্লিখিত পদসমূহের ক্ষেত্রে, সরকার অথবা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তাকে বুঝাইবে;

(আ) তফসিলের ‘খ’ অংশে উল্লিখিত পদসমূহের ক্ষেত্রে, ‘জেলা ও দায়রা জজ’কে বুঝাইবে; এবং

(ই) তফসিলের ‘গ’ অংশে উল্লিখিত পদসমূহের ক্ষেত্রে, ‘মেট্রোপলিটন সেশন্স জজ’কে বুঝাইবে; তবে যে সকল মেট্রোপলিটন এলাকায় মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেসী আছে কিন্তু মেট্রোপলিটন সেশন্স জজ আদালত চালু হয় নাই, সেই সকল এলাকায় মেট্রোপলিটন সেশন্স জজ আদালত চালু না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট জেলার ‘জেলা ও দায়রা জজ’কে বুঝাইবে;

(চ) “প্রয়োজনীয় যোগ্যতা” অর্থ সংশ্লিষ্ট পদের জন্য উল্লিখিত যোগ্যতা;

(ছ) “বাছাই কমিটি” বলিতে কোন নির্দিষ্ট পদে সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগের উদ্দেশ্যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নিবর্ণিত সদস্য-সমষ্টিয়ে গঠিত বাছাই কমিটিকে বুঝাইবে—

(অ) চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট স্বয়ং অথবা তাঁহার মনোনীত এডিশনাল চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা এডিশনাল চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট বাছাই কমিটির চেয়ারম্যান থাকিবেন;

(আ) জেলা ও দায়রা জজ বা মেট্রোপলিটন সেশন্স জজ কর্তৃক মনোনীত একজন কর্মকর্তা উক্ত কমিটির সদস্য অন্তর্ভুক্ত থাকিবেন; এবং

(ই) চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক মনোনীত অপর একজন কর্মকর্তা উক্ত কমিটির সদস্য অন্তর্ভুক্ত থাকিবেন;

(জ) “শিক্ষানবিস” অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ঝ) “স্বীকৃত বোর্ড” বলিতে আপাততঃ বলৱৎ কোন আইনের দ্বারা বা অধীনে প্রতিষ্ঠিত কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডকে বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্যকোন শিক্ষা বোর্ড বা সংস্থাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ঞ) “স্বীকৃত বিশ্ববিদ্যালয়” বলিতে আপাততঃ বলৱৎ কোন আইনের দ্বারা বা অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়কে বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন শিক্ষা প্রাতর্থান বা সংস্থাও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি, ইত্যাদি।—(১) তফসিলে বর্ণিত বিধানাবলী সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথা :—

- (ক) পদোন্নতির মাধ্যমে;
- (খ) সরাসরি নিয়োগের মাধ্যমে;
- (গ) জেলা জজশীপের যে কোন সমমানের পদ হইতে বদলীর মাধ্যমে;
- (ঘ) আত্মীকরণের মাধ্যমে।

(২) কোন ব্যক্তির প্রয়োজনীয় যোগ্যতা না থাকিলে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়স সীমার মধ্যে না হইলে তাহাকে কোন পদে নিয়োগ করা হইবে না।

৪। সরাসরি নিয়োগের পদ্ধতি।—(১) কোন পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে, নিয়োগকারী কর্তৃপক্ষ, বাছাই কমিটি কর্তৃক এতদুদ্দেশ্যে প্রস্তুতকৃত উপযুক্ত প্রার্থীদের একটি তালিকা বিবেচনাক্রমে, উক্তপদে নিয়োগদান করিবে।

(২) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

- (ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী অধিবাসী বা বাংলাদেশের ডমিসাইল না হন; অথবা
- (খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রূতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

- (ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার পর সিভিল সার্জন বা তদ্কর্তৃক এতদুদ্দেশ্যে মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে উক্ত পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা উক্ত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ; এবং
- (খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির প্রাক-পরিচয় যথাযোগ্য কর্তৃপক্ষের মাধ্যমে তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিয়োগের জন্য তিনি অনুপযুক্ত।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে সরাসরি নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না; যদি তিনি—

- (ক) উক্ত পদের জন্য দরখাস্ত আহ্বানের উদ্দেশ্যে বাছাই কমিটি কর্তৃক প্রচারিত বিজ্ঞাপনে নির্ধারিত ফিস (যদি কিছু থাকে) সহকারে উহাতে নির্ধারিত ফরমে ও নির্ধারিত তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করিয়া থাকেন; এবং
- (খ) সরকারের কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের অধীনে কর্মরত থাকা সত্ত্বেও স্থায় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করিয়া থাকেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ —(১) তফসিলের ‘ক’ অংশের কলাম ২ এ উল্লিখিত পদে কোন ব্যক্তিকে, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সুপারিশ ব্যতিরেকে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত পদ ব্যতীত অন্যান্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে, নিয়োগকারী কর্তৃপক্ষ, বাছাই কমিটি কর্তৃক এতদুদ্দেশ্যে জ্যেষ্ঠতা - তথা মেধার ভিত্তিতে প্রস্তুতকৃত উপযুক্ত প্রার্থীদের এক তালিকা বিবেচনাক্রমে, নিয়োগ দান করিবে।

(৩) যদি কোন ব্যক্তির চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। বদলী —(১) তফসিলে উল্লিখিত সম-মর্যাদা সম্পত্তি পদসমূহ পরস্পর বদলীযোগ্য হইবে।

(২) চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা ক্ষেত্রমত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট স্থানীয় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হিসাবে সময় সময় তফসিলে উল্লিখিত পদে কর্মরত ব্যক্তিগণের কর্মসূল নির্ধারণ করিবে।

(৩) উপ-বিধি (১) ও (২) এ যাহা কিছুই থাকুক না কেন, জেলা ও দায়রা জজের এবং ক্ষেত্রমতে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এর সুপারিশের ভিত্তিতে কিংবা স্বপ্রগোদ্ধিত হইয়া সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ যে কোন নির্দিষ্ট পদধারীকে এক জেলা হইতে অন্য জেলা বা মেট্রোপলিটন এলাকার যে কোন আদালতে কিংবা এক মেট্রোপলিটন এলাকা হইতে অন্য মেট্রোপলিটন এলাকা বা জেলার যে কোন আদালতে উক্ত পদধারীর সম-মর্যাদা সম্পত্তি কোন পদে বদলীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

৭। শিক্ষানবিসি —(১) কোন শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে,—

- (ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং
- (খ) পদোন্নতির ক্ষেত্রে নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য শিক্ষানবিস হিসাবে নিয়োগ করা হইবে।

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ, সংশ্লিষ্ট কারণ লিপিবদ্ধ করিয়া এক বা একাধিক বারে সরাসরি নিয়োগপ্রাপ্ত ব্যক্তির ক্ষেত্রে সর্বসাকুল্যে দুই বৎসর পর্যন্ত এবং পদোন্নতিপ্রাপ্ত ব্যক্তির ক্ষেত্রে সর্বসাকুল্যে এক বৎসর পর্যন্ত বর্ধিত করিতে পারিবে।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োক্তারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নহে কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সন্তাননা নাই, সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ, উক্ত মেয়াদ সমাপ্ত হইবার পূর্বেই,—

- (ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং
- (খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিস মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সমাপ্ত হইবার পর, নিয়োগকারী
কর্তৃপক্ষ—

- (ক) যদি এই মর্মে সন্তুষ্ট হবে যে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ, ও কাজকর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং
- (খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে,—
 - (অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং
 - (আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না, যদি তিনি ক্ষেত্রমতে জুড়িসিয়াল সার্ভিস কমিশন কর্তৃক নির্দেশিত পরীক্ষায় নির্ধারিত সময়ে উত্তীর্ণ না হন এবং যদি তিনি ক্ষেত্রমতে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনসিটিউট কর্তৃক পরিচালিত নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ না করেন :

তবে শর্ত থাকে যে, এ বিধান আপাততঃ প্রশাসনিক কর্মকর্তা, নাজির বা সমপর্যায়ের কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বলিয়া গণ্য করা হইবে।

৮। প্রয়োজনীয় যোগ্যতা শিথিলকরণ।—সরকার কোন বিশেষ পরিস্থিতিতে সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে কোন পদে নিয়োগ বা পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে উক্ত পদের জন্য প্রয়োজনীয় যোগ্যতা বা অভিজ্ঞতার মাপকাঠি শিথিল করিতে পারিবে।

৯। বিশেষ বিধান।—এই বিধিমালার অন্যান্য বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ কর্তৃক তফসিলের পদোন্নতির পদসমূহে জেলা জজ ও অধ্যক্ষন আদালতসমূহ এবং বিভাগীয় বিশেষ জজ আদালতসমূহ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৯ দ্বারা নিয়োগকৃত ও কর্মরত ব্যক্তিগণকে প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা থাকা সাপেক্ষে পদোন্নতি বা প্রেষণে বা অঙ্গীকরণের মাধ্যমে নিয়োগদান করা যাইবে।

১০। আদেশ জারী।—এই বিধিমালার যে কোন বিধি স্পষ্টীকরণ এবং নিম্নোক্ত বিষয়সমূহ সম্পর্কে সুপ্রীম কোর্টের অনুমোদন গ্রহণক্রমে সরকার গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে প্রয়োজনীয় আদেশ জারী করিতে পারিবে, যথা :—

- (ক) তফসিলের পদসমূহে সরাসরি ও পদোন্নতির মাধ্যমে নিয়োগ প্রদানের উদ্দেশ্যে বাছাই পরীক্ষার সিলেবাস প্রণয়ন ও পরীক্ষার পদ্ধতি নির্ধারণ;
- (খ) শিক্ষানবিসগণের প্রশিক্ষণ ও পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম; এবং
- (গ) তফসিলের পদসমূহে বদলী, প্রেষণ বা আভাসীকরণের মাধ্যমে নিয়োগ প্রদান সংক্রান্ত কার্যক্রম; এবং
- (ঘ) অন্য যে কোন প্রয়োজনীয় ক্ষেত্রে।

তফসিল

[বিধি ২(গ) দ্রষ্টব্য]

ক-অংশ

ক্রমিক নং	অনুমোদিত পদ	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগের পদ্ধতি	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
(১)	প্রশাসনিক কর্মকর্তা		<p>পদোন্নতির মাধ্যমে—</p> <p>(ক) ৮০% পদ নাজির, হিসাব রক্ষক এবং রেকর্ড কীপার পদ হইতে পদোন্নতির ক্ষেত্রে সংশ্লিষ্ট পদে ২ (দুই) বছরের চাকুরীসহ মোট ২২ (বাইশ) বছরের চাকুরির অভিজ্ঞতা;</p> <p>(খ) ২০% পদ স্টেলোগ্রাফার ও কম্পিউটার অপারেটরগণের মধ্য হইতে।</p>	<p>(ক) নাজির, হিসাব রক্ষক এবং রেকর্ড কীপার পদ হইতে পদোন্নতির ক্ষেত্রে সংশ্লিষ্ট পদে ২ (দুই) বছরের চাকুরীসহ মোট ২২ (বাইশ) বছরের চাকুরির অভিজ্ঞতা;</p> <p>(খ) স্টেলোগ্রাফার ও কম্পিউটার অপারেটর অপারেটরের পদ হইতে পদোন্নতির ক্ষেত্রে মোট ২০ (বিশ) বছরের চাকুরির অভিজ্ঞতা।</p>

খ-অংশ

(চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত এবং উহার অধৃত্তন অন্যান্য আদালতসমূহের জন্য)

ক্রমিক নং	অনুমোদিত পদ	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগের পদ্ধতি	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
(১)	নাজির	১৮—৩০ বৎসর।	<p>পদোন্নতির মাধ্যমে;</p> <p>তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।</p>	<p>পদোন্নতির ক্ষেত্রে যোগ্যতাঃ সহকারী নাজির/বেঞ্চ সহকারী/বেঞ্চ এ্যাসিস্টেন্ট পদে অন্ত্য ৮(চার) বছরের চাকুরি।</p>

১	২	৩	৪	৫
				সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতাঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শিদের অগ্রাধিকার প্রদান করা হইবে।
(২)	হিসাব রক্ষক	১৮—৩০ বৎসর।	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে যোগ্যতাঃ ক্যাশিয়ার/হিসাব সহকারীগণের মধ্য হইতে, যাহাদের ফিডার পদে চাকুরির অভিজ্ঞতা নৃন্যতম ৪(চার) বছর। সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতাঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শিদের অগ্রাধিকার প্রদান করা হইবে।
(৩)	রেকর্ড কীপার	১৮—৩০ বৎসর।	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে যোগ্যতাঃ সহকারী রেকর্ড কীপার, রেকর্ড সহকারী/অফিস সহকারীগণের মধ্য হইতে, যাহাদের ফিডার পদে চাকুরির অভিজ্ঞতা নৃন্যতম ৪(চার) বছর। সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতাঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শিদের অগ্রাধিকার প্রদান করা হইবে।
(৮)	জুডিশিয়াল পেশকার	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটারে পারদর্শিদের অগ্রাধিকার প্রদান করা হইবে।

১	২	৩	৪	৫
(৫)	স্টোর কিপার	১৮-৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটারে পারদর্শিদের অধোধিকার প্রদান করা হইবে।
(৬)	লাইব্রেরী সহকারী (ক্যাটালগার)	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ প্রস্তাবার বিজ্ঞানে ডিপ্লোমা প্রাপ্ত হইতে হইবে। কম্পিউটার পারদর্শী ব্যক্তিগণকে অধোধিকার প্রদান করা হইবে।
(৭)	ক্যাশিয়ার	১৮—৩০ বৎসর।	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে যোগ্যতাঃ ক্যাশ সরকার পদে অন্ত্যন্ত ৩ (তিনি) বছরের চাকুরি। সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতাঃ কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটারে পারদর্শিদের অধোধিকার প্রদান করা হইবে।
(৮)	স্টেনোগ্রাফার/ কম্পিউটার অপারেটর	The Stenographers and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী।		

১	২	৩	৪	৫
(৯)	তুলনা সহকারী	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শিদের অগ্রাধিকার প্রদান করা হইবে।
(১০)	ষ্টেনো -টাইপিষ্ট,	The Stenographers and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী।		
(১১)	সহকারী রেকর্ড কীপার (অফিস সহকারী)	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শিদের অগ্রাধিকার প্রদান করা হইবে।
(১২)	সহকারী নাজির	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শিদের অগ্রাধিকার প্রদান করা হইবে।
(১৩)	বেঞ্চ সহকারী, /বেঞ্চ এ্যাসিস্টেন্ট	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শিদের অগ্রাধিকার প্রদান করা হইবে।
(১৪)	টাইপিষ্ট/কপিষ্ট	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। বাংলা এবং ইংরেজী টাইপিং-এ প্রতি মিনিটে যথাক্রমে ৩০ এবং ৩৫ শব্দের গতি থাকিতে হইবে। কম্পিউটারে পারদর্শিদের অগ্রাধিকার প্রদান করা হইবে।

১০৩	শিক্ষাপদক্ষিণ প্রতিযোগিতা, প্রতিবেদন পত্র ও প্রতিবেদন পত্র
-----	--

১	২	৩	৪	৫
(১৫)	হিসাব সহকারী	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। হিসাব সংরক্ষণে এবং কম্পিউটারে পারদর্শিদের অগ্রাধিকার প্রদান করা হইবে।
(১৬)	অফিস সহকারী কাম-টাইপিস্ট	ক্রিমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দণ্ডী ও এমএলএসএস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। কম্পিউটারে পারদর্শিদের অগ্রাধিকার প্রদান করা হইবে।		
(১৭)	সহকারী রেকর্ড কীপার (অফিস সহকারী)	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শিদের অগ্রাধিকার প্রদান করা হইবে।
(১৮)	প্রসেস সার্ভার	১৮—৩০ বৎসর।	(ক) ৫০% পদোন্নতির মাধ্যমে; (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে যোগ্যতাঃ ফরাশ, এমএলএসএস এবং নৈশ প্রাহরীদের মধ্য হইতে যাহাদের চাকুরির অভিজ্ঞতা ন্যূনতম ৫(পাঁচ) বছর। সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতাঃ কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
(১৯)	ক্যাশ সরকার	মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৫ অনুযায়ী।		
(২০)	ডেসপাচ রাইডার	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং মোটরসাইকেল লাইসেন্সধারী।

১	২	৩	৪	৫
(২১)	ফরাশ	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
(২২)	নেশ প্রহরী	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
(২৩)	এমএলএসএস	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
(২৪)	সুইপার	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	অষ্টম শ্রেণী পাস। পেশাগতভাবে পরিচ্ছন্ন কর্মী হিসাবে কর্মরত সম্প্রদায়ভুক্ত ব্যক্তিগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে।

গ - অংশ

(চীক মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত এবং উহার অধিস্থন অন্যান্য আদালতসমূহের জন্য))

ক্রমিক নং	অনুমোদিত পদ	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগের পদ্ধতি	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
(১)	নাজির	১৮—৩০ বৎসর।	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে যোগ্যতাঃ সহকারী নাজির/বেঞ্চ সহকারী/বেঞ্চ এ্যাসিস্টেন্ট পদে অন্ত্য ৪(চার) বছরের চাকুরি। সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতাঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারের পারদর্শিদের অগ্রাধিকার প্রদান করা হইবে।

১	২	৩	৪	৫
(২)	হিসাব রক্ষক	১৮—৩০ বৎসর।	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে যোগ্যতাঃ ক্যাশিয়ার/ হিসাব সহকারীগণের মধ্য হইতে, যাহাদের ফিডার পদে চাকুরির অভিজ্ঞতা ন্যূনতম ৪(চার) বছর। সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতাঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শিদের অগ্রাধিকার প্রদান করা হইবে।
(৩)	রেকর্ড কীপার	১৮—৩০ বৎসর।	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে যোগ্যতাঃ সহকারী রেকর্ড কীপার, রেকর্ড সহকারী/অফিস সহকারীগণের মধ্য হইতে, যাহাদের ফিডার পদে চাকুরির অভিজ্ঞতা ন্যূনতম ৪(চার) বছর। সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতাঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শিদের অগ্রাধিকার প্রদান করা হইবে।
(৮)	জুডিশিয়াল পেশ্কার	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সাটিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটারে পারদর্শিদের অগ্রাধিকার প্রদান করা হইবে।
(৫)	ষ্টোর কিপার	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সাটিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটারে পারদর্শিদের অগ্রাধিকার প্রদান করা হইবে।

১	২	৩	৪	৫
(৬)	ডেসপাচ সহকারী	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হইবে।
(৭)	লাইব্রেরী সহকারী (ক্যাটালগার)	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমাপ্রাপ্ত হইতে হইবে। কম্পিউটারে পারদর্শী ব্যক্তিগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে।
(৮)	ক্যাশিয়ার	১৮—৩০ বৎসর।	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে যোগ্যতাঃ ক্যাশ সরকার পদে অন্যন ৩ (তিনি) বছরের চাকুরি। সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতাঃ কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হইবে।
(৯)	স্টেনোগ্রাফার (পিএ)	The Stenographers and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী।		
(১০)	তুলনা সহকারী	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হইবে।
(১১)	স্টেনো টাইপিষ্ট	The Stenographers and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী।		

১	২	৩	৪	৫
(১২)	রেকর্ড সহকারী / অফিস সহকারী	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	রেকর্ড সহকারীর ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শিদের অগ্রাধিকার প্রদান করা হইবে। অফিস সহকারীর ক্ষেত্রেঃ Lower Division Assistant (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1979 অনুযায়ী।
(১৩)	সহকারী নাজির	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শিদের অগ্রাধিকার প্রদান করা হইবে।
(১৪)	বেঞ্চ সহকারী	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শিদের অগ্রাধিকার প্রদান করা হইবে।
(১৫)	ড্রাইভার	The Gazetted and Non-Gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 অনুযায়ী।		
(১৬)	কম্পিউটার অপারেটর	The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী।		
(১৭)	টাইপিস্ট /কপিষ্ট	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। বাংলা এবং ইংরেজী টাইপিং-এ প্রতি মিনিটে যথাক্রমে ৩০ এবং ৩৫ শব্দের গতি থাকিতে হইবে। কম্পিউটারে পারদর্শিদের অগ্রাধিকার প্রদান করা হইবে।

১	২	৩	৪	৫
(১৮)	হিসাব সহকারী	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। হিসাব সংরক্ষণে এবং কম্পিউটারে পারদর্শিদের অধাধিকার প্রদান করা হইবে।
(১৯)	অফিস সহকারী কাম-টাইপিস্ট	নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এমএলএসএস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। কম্পিউটারে পারদর্শিদের অধাধিকার প্রদান করা হইবে।		
(২০)	সহকারী রেকর্ড কীপার	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শিদের অধাধিকার প্রদান করা হইবে।
(২১)	প্রসেস সার্টার	১৮—৩০ বৎসর।	(ক) ৫০% পদোন্নতির মাধ্যমে; (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে যোগ্যতাঃ ফরাশ, এমএলএসএস এবং নেশ প্রহরীদের মধ্য হইতে যাহাদের চাকুরির অভিজ্ঞতা ন্যূনতম ৫(পাঁচ) বছর। সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতাঃ কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
(২২)	ক্যাশ সরকার	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৫ অনুযায়ী।
(২৩)	ডেসপাচ রাইডার	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ মোটরসাইকেল লাইসেন্সধারী।
(২৪)	ফরাশ	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

১	২	৩	৪	৫
(২৫)	নেশ প্রহরী	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সাটিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
(২৬)	এমএলএসএস	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সাটিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
(২৭)	সুইপার	১৮—৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	অষ্টম শ্রেণী পাস। পেশাগতভাবে পরিচ্ছন্ন কর্মী হিসাবে কর্মরত সম্পদায়ভুক্ত ব্যক্তিগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
 কাজী হাবিবুল আউয়াল
 ভরপ্রাপ্ত সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
 মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
 তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।
